

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৫. ৩. ১১. যীশুকে ঈশ্বরের পুত্র বানানোর সংযোজন

'প্রেরিত' পুস্তকের ৮ম অধ্যায় KJV তে ৪০ শ্লোক, কিন্তু RSV-তে ৩৯ শ্লোক। এ অধ্যায়ে প্রেরিত পিতরের হাতে জনৈক নপুংসক সরকারি কর্মকতার বাপ্তাইজ হওয়ার ঘটনা বলা হয়েছে। ৩৬ শ্লোকে উক্ত নপুংসক একটা জলাশয়ের নিকট দিয়ে গমনের সময় বাপ্তাইজ হওয়ার ইচ্ছা প্রকাশ করেন। তখন ৩৭ শ্লোকে পিতর তাকে বিশ্বাসের কথা বললে তিনি যীশু খ্রিষ্টকে ঈশ্বরের পুত্র বলে বিশ্বাসের ঘোষণা দেন। ৩৮ শ্লোকে তাঁরা উভয়ে জলাশয়ে নামেন ও পিতর নপুংসককে বাপ্তাইজ করেন। ৩৭ নং শ্লোকটা পুরোটাই পরবর্তী সংযোজন বলে নিশ্চিত করেছেন বাইবেল গবেষকরা।

প্রেরিত ৮/৩৭ কিং জেমস ভার্শনে নিম্নরূপ: "And Philip said, If thou believest with all thine heart, thou mayest. And he answered and said, I believe that Jesus Christ is the Son of God." কেরির অনুবাদ: "ফিলিপ কহিলেন, সমস্ত অন্তঃকরণের সহিত যদি বিশ্বাস করেন, তবে হইতে পারেন। তাহাতে তিনি উত্তর করিয়া কহিলেন, যীশু খ্রিষ্ট যে ঈশ্বরের পুত্র ইহা আমি বিশ্বাস করিতেছি।"

Anchorআরবি ও অন্যান্য ভাষার বাইবেলের সকল পুরাতন সংস্করণে এ শ্লোকটা বিদ্যমান। তবে RSV থেকে এটা ফেলে দেওয়া হয়েছে। এবং টীকায় উল্লেখ করা হয়েছে যে, পরবর্তী কোনো কোনো পাণ্ডুলিপিতে উপরের শ্লোকটা বা তার আংশিক অংশ বিদ্যমান। বাংলা কেরি বাইবেল ও জুবিলী বাইবেলেও মূল পাঠ থেকে শ্লোকটা মুছে দিয়ে টীকায় তা উল্লেখ করা হয়েছে। ২০০০ সালে প্রকাশিত পবিত্র বাইবেল ও কিতাবুল মোকাদ্দসে কোনো টীকা ছাড়াই তা বাদ দেওয়া হয়েছে।

৩৭ নং শ্লোকটা বাদ দেওয়ার পরে মূল পাঠ নিম্নর্নপ: "And as they went along the road they came to some water, and the eunuch said, "See, here is water! What is to prevent my being baptized?" And he commanded the chariot to stop, and they both went down into the water, Philip and the eunuch, and he baptized him.": "পরে পথে যেতে যেতে তাঁরা কোন এক স্থানে উপস্থিত হলেন যেখানে পানি ছিল। তখন নপুংসক বললেন, এই দেখুন, এখানে পানি আছে; আমার বাপ্তিশ্ম নেবার বাধা কি? পরে তিনি রথ থামাতে হুকুম করলেন আর ফিলিপ ও নপুংসক উভয়ে পানির মধ্যে নামলেন এবং ফিলিপ তাঁকে বাপ্তিশ্ম দিলেন।" (প্রেরিত ৮/৩৬-৩৭, মো.-১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14239

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন